# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ,ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৬৬৬৩৩৩৩, E-mail :chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd


স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৫৭ তারিখ : ০৬/০৫/২০২৪ খ্রি.

## জরুরী বিজ্ঞপ্তি

## ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় বোর্ডের গোপনীয় কাজ সম্পাদনের লক্ষ্যে eTIF/OTP (ONLINE TEACHERS PROFILE) পূরণ সংক্রান্ত অনুসরণীয় দিক নির্দেশনাঃ

১। প্রতিষ্ঠান প্রধানসহ কর্মরত উচ্চমাধ্যমিক পর্যায়ের পাঠদানকারী শিক্ষকগণের **(২১/০৫/২০২৪ থেকে ২০/০৬/২০২৪ তারিখ পর্যন্ত)** নির্ধারিত সময়ের মধ্যে **OTP/ eTIF** -পূরণ নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো । **সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অত্র বোর্ডের আওতাধীন ঐতিহ্যবাহী কলেজগুলোর বিশেষ কিছু বিষয়ের সম্মানিত শিক্ষকগণ তাদের তথ্য eTIF এ অন্তর্ভূক্ত করছেন না যার ফলশ্রুতিতে ঐ সকল বিষয়ে পরীক্ষক ও প্রধান পরীক্ষক নিয়োগে জটিলতার সৃষ্টি হচ্ছে এ বিষয়ে ঐতিহ্যবাহী কলেজগুলোর প্রতিষ্ঠান প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।**

২। শিক্ষকগণ তাদের ব্যক্তিগত রেজাল্ট যেমন এসএসসি, এইচএসসি, বিএ/বিএসসি, অনার্স/মাস্টার্স, বিএড, এমএড,পিএইচডি ইত্যাদি পরীক্ষায় প্রাপ্ত বিভাগ/শ্রেণী উল্লেখ করুন। কারণ প্রধান পরীক্ষক/পরীক্ষক হওয়ার ক্ষেত্রে ব্যক্তিগত রেজাল্ট এর সুনির্দিষ্ট পয়েন্ট রয়েছে।

৩। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, প্রধান পরীক্ষক হওয়ার জন্য অনেক শিক্ষক মাস্টার ট্রেইনার না হওয়া সত্ত্বেও **eTIF** এর ডাটায় মাস্টার ট্রেইনার এর কলাম এন্ট্রি করেছেন যা গর্হিত অপরাধ। সুতরাং, যারা প্রকৃত পক্ষে মাস্টার ট্রেইনার নন তারা অনতিবিলম্বে **eTIF** এর ডাটা থেকে মাস্টার ট্রেইনার এর কলাম সংশোধন করবেন। নতুবা এরুপ প্রতারণামূলক তথ্য প্রদানের জন্য আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রতিষ্ঠান প্রধান সত্যয়নকারীর দায়ে তিনিও দায় এড়াতে পারবে না কারণ প্রতিষ্ঠান প্রধান প্রতিটি শিক্ষকের তথ্য অনুমোদনকারী ।

৪। **First Joining** শিক্ষকতায় প্রথম যোগদান এর বিষয়ে বর্তমান প্রতিষ্ঠানসহ পূর্ববর্তী কোন প্রতিষ্ঠানে শিক্ষকতার প্রমাণিত যোগদানপত্র বা অন্যান্য কাগজপত্রাদির সত্যতা সমর্থিত হতে হবে। অভিজ্ঞতায় যেহেতু নির্ধারিত পয়েন্ট রয়েছে তাই সর্বমোট শিক্ষকতার অভিজ্ঞতা হিসাব করে (কত বছরের অভিজ্ঞতা) সঠিকভাবে প্রমাণযোগ্য তথ্য এন্ট্রি করুন।

৫। শিক্ষকদের ডাটা পূরণের সময় অবশ্যই সোনালী ব্যাংকের (১৩ডিজিটের) হিসাব নম্বর (নিজ নামের হিসাব নম্বর) প্রদান করতে হবে।

৬। খন্ডকালীন, অনিয়মিত (যে সকল শিক্ষক এমপিও ভুক্ত নন), অতিথি শিক্ষক,টেকনিক্যাল কলেজের জন্য নিবন্ধিত, অক্ষম,শারিরিক ও মানসিকভাবে অসুস্থ শিক্ষকদের তথ্য (OTP) পূরণ করা থেকে বিরত থাকুন/ বিরত রাখুন। একইসাথে, প্রতিষ্ঠান প্রধানগণ তাদের প্রতিষ্ঠানের প্যানেল হতে **বদলিজনিত , অবসরপ্রাপ্ত ও মৃত্যুবরণকারি শিক্ষকদের তথ্য তালিকা থেকে বাদ দিন**। এছাড়াও, উপরোল্লিখিত (খন্ডকালীন, অনিয়মিত ইত্যাদি) কোন শিক্ষকের নাম প্রতিষ্ঠানের প্যানেলে থেকে থাকলে তাদের নামও তালিকা হতে **Delete** করুন।

৭। যে শিক্ষক যে বিষয়ের জন্য নিয়োগপ্রাপ্ত এবং ঐ বিষয়ে পাঠদান করেন শুধু সেই বিষয়ই Select করতে হবে। অন্যথায় ভবিষ্যতে বিড়ম্বনার মুখে পড়তে হবে।

৮। শিক্ষকদের প্রশিক্ষণসহ সকল সনদ, নিয়োগপত্র ইত্যাদি তথ্য প্রমাণাদি প্রতিষ্ঠান প্রধানের নিকট সংরক্ষিত থাকবে। বোর্ড প্রয়োজনে ডকুমেন্ট গুলো যাচাই করবে।

৯। কোন তথ্য গোপন করা হলে বা অসত্য তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট শিক্ষক এবং অগ্রায়ণকারী প্রতিষ্ঠান প্রধান পরবর্তী যেকোন জটিলতার জন্য দায়বদ্ধ থাকবেন এবং গোপনীয় কাজের যেকোন পর্যায়ে তাঁর প্রধান পরীক্ষক/পরীক্ষক হিসেবে নিয়োগ বাতিল করা হবে।

১০। OTP (ONLINE TEACHERS PROFILE)-পূরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকদের নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো-

## **eTIF -পূরণ সংক্রান্ত প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকদের প্রতি নির্দেশনা**

### **১ম ধাপ (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক করণীয়):**

**ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে (www.mymensingheducationboard.gov.bd) প্রবেশ করুন।পরবর্তীতে-**

১. Our Sarvice এর Institute Panel এ প্রবেশ করুন।
২. College Eiin & Password দিয়ে প্রবেশ করুন।
৩. Teacher বাটনে ক্লিক করুন।
৪. Add New Teacher এ ক্লিক করুন(তবে বদলিজনিত কারণে কোন শিক্ষককে যুক্ত করতে হলে Add New Teacher TC বাটনে ক্লিক করুন এক্ষেত্রে পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান এর তালিকা হতে উক্ত শিক্ষকের নাম **Delete** করাতে হবে)।
৫. Teacher এর সাধারণ তথ্য পূরণ করে তাকে একটি Password দিয়ে Save করুন।

পরবর্তীতে নতুন শিক্ষক তাঁর সকল তথ্য দিয়ে **২য় ধাপ সম্পন্নের পর** প্রতিষ্ঠান প্রধান উপরের নির্দেশনা মেনে Institute Panel খুলে All Teacher option এ গিয়ে Action option এ View বাটনে ক্লিক করে শিক্ষকের সকল তথ্য যাচাই করে সঠিক পরিলক্ষিত হলে Teacher Approve বাটনে ক্লিক করে কার্যক্রম সম্পন্ন করবেন। প্রতিষ্ঠান প্রধান Approve না করলে বোর্ডের প্যানেলে সংশ্লিষ্ট শিক্ষকের নাম এন্ট্রি হবেনা এবং তাঁকে প্রধান পরীক্ষক/পরীক্ষক হিসেবে নিয়োগ প্রদান করা সম্ভব হবেনা।

### **২য় ধাপ (আবেদনকারি শিক্ষক কর্তৃক করণীয়) ঃ**

প্রতিষ্ঠান প্রধান কতৃক Password পাওয়ার পর আবেদনকারি শিক্ষক নিম্নোলিখিত ভাবে আবেদন করবেন-

১. **ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে (www.mymensingheducationboard.gov.bd) প্রবেশ করুন**।পরবর্তীতে-
২. **eTIF** option এর Teacher Panel এ ক্লিক করুন।
৩. NID ও Password (**প্রতিষ্ঠান প্রধান কতৃক প্রাপ্ত**) দিয়ে প্রবেশ করুন।
৪. Personal, Educational, Experience option এ গিয়ে তথ্য এন্ট্রি করুন এবং update করুন ।

**পরিশেষে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন Approve করার জন্য অনুরোধ করুন । কোন শিক্ষকের পদবি পরিবর্তন হলে প্রতিষ্ঠান প্রধানকে Institute Panel খুলে All Teacher option এ গিয়ে Edit বাটনে ক্লিক করে পদবি পরিবর্তন করতে অনুরোধ করুন এবং পুনরায় Approve করার জন্য অনুরোধ করুন।**

**বি:দ্র: eTIF সংক্রান্ত তথ্য আগামী ২১/০৫/২০২৪ থেকে ২০/০৬/২০২৪ তারিখের মধ্যে অবশ্যই বোর্ডের সার্ভারে এন্ট্রি করতে হবে। এর পরে এন্ট্রিকৃত তথ্য ২০২৪ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষার জন্য প্রযোজ্য হবে না। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, যে সকল শিক্ষক/কর্মকর্তার তথ্য অত্র বোর্ডের সার্ভারে এন্ট্রি করা আছে তাদের পুনরায় তথ্য এন্ট্রি করার প্রয়োজন নাই।**

প্রাপক:
প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল শিক্ষক,
ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন
উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

০৬/০৫/২০২৪
(প্রফেসর মোঃ সামছুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।
ফোন ঃ ০২-৯৯৭৭১০৪৪২
**E-mail :**conbisemym@gmail.com